2024

BENGALI

(Honours Elective)

Paper : BEN-HE-6016

(উত্তর-পূর্বের বাংলা সাহিত্য)

Full Marks : 80

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

১। বিকল্প সমন্বিত প্রশ্নের শুদ্ধ উত্তরটি নির্বাচন কর : ১×১০=১০

(ক) পবিত্রর মায়ের চিকিৎসার জন্য কত টাকার প্রয়োজন ছিল ?

(i) তিনশো

(ii) চারশো

(iii) পাঁচশো

(iv) সাতশো

(খ) ছন্দার বয়স কত?

(i) ৩০ বছর

(ii) ২৫ বছর

(iii) ২৩ বছর

(iv) ৩৫ বছর

(গ) "তোর টাকা আমি শোধ করে দেব।" এখানে বক্তা কে?

(i) উজ্জ্বল

(ii) গুণধর

(iii) পবিত্র

(iv) ছন্দা

(ঘ) গুণধর কার সঙ্গে গলা মিলিয়ে কাঁদতে বসেছিল?

(i) উজ্জ্বল

(ii) পাগল

(iii) পবিত্র

(iv) ডাক্তারবাবু

(ঙ) "ও আসরাফ রে, আমি গেলাম রে, ...।" বক্তা কে?

(i) কাদের মিঞা

(ii) আবদুল

(iii) ইরফান চাচা

(iv) আসরাফের বাজান

(চ) হরনাথের দ্বিতীয় পক্ষের স্ত্রীর বয়স কত?

(i) ২০ বছর

(ii) ২২ বছর

(iii) ২৫ বছর

(iv) ২৮ বছর

(ছ) ভগীরথ মাথা সাফ করার জন্য কত আনা খরচ করে চা খেয়েছিল?

(i) তিন আনা

(ii) চার আনা

(iii) আট আনা

(iv) দশ আনা

(জ) 'উডখার' শব্দটির অর্থ কী ?

(i) নদী

(ii) পাহাড়

(iii) বিদেশি

(iv) পাখি

(ঝ) সুমন্ত চৌধুরী কোথা থেকে পাশ করে এসে শিলংয়ের ফার্মে নতুন চাকরিতে নিযুক্ত হয়েছিল ?

(i) দিল্লী

(ii) এলাহাবাদ

(iii) হায়দ্রাবাদ

(iv) ব্যাঙ্গালোর

(ঞ) 'সাদ সুক মিনসিম' কী ?

(i) শোক পালনের দিন

(ii) খুশিতে নাচার দিন

(iii) বৃষ্টিতে ভেজার দিন

(iv) ঘুমিয়ে থাকার দিন

(Continued)

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও : ২×৫=১০

(ক) "একে মোটামুটি একটা মানুষের আদল দেবার জন্য, সমস্ত প্রচেষ্টা ব্যর্থ হলে বাধ্য হয়ে আমার দোকানে লাগিয়ে দিয়েছিলাম।" দোকানটির নাম কী ? এটি কোথায় অবস্থিত ছিল ?

(খ) গোপাল মাস্টারের ছেলে কোন্ সময়ে এবং কেন বাড়ি ছেড়েছিল ?

(গ) অনন্তের দুইজন বন্ধুর নাম লেখ।

(ঘ) "তুমি অতবড়ো সাহেব, তোমাকে কেমন করে নাম ধরে ডাকব ?" বক্তা কে ? 'সাহেব' বলতে কাকে বোঝানো হয়েছে ?

(ঙ) "ধ্যাৎ, আমাদের যে চোখ তুলে তাকাতে নেই নাচের সময়।" বক্তা কে ? কাকে উদ্দেশ্য করে কথাটি বলা হয়েছে ?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন চারটি) : ৫×৪=২০

(ক) 'গুণধরের অসুখ' নাটকে বর্ণিত পরীক্ষা হলের দৃশ্যটির বিবরণ দাও।

(খ) 'গুণধরের অসুখ' নাটকটির ভাবনার সূত্রপাত নাট্যকারের মনে কীভাবে হয়েছিল, আলোচনা কর।

(Turn Over)

(গ) আসরাফ আলির দুর্ভাগ্য-লাঞ্ছিত জীবনের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) দ্বীপবাসিনী দেবীর লেখা পত্রটির সংক্ষিপ্ত পরিচয় তুলে ধর।

(ঙ) 'বিলোরিস' উপন্যাস অবলম্বনে 'রিটা' চরিত্রটি সংক্ষেপে আলোচনা কর।

(চ) বিলোরিসের দোকানটির একটি সংক্ষিপ্ত পরিচয় দাও।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ১০×৪=৪০

(ক) 'গুণধরের অসুখ' নাটক অবলম্বনে উজ্জ্বল এবং পবিত্রের বন্ধুত্ব ও দ্বন্দ্বের স্বরূপ বিশ্লেষণ কর।

অথবা

(খ) 'গুণধরের অসুখ' নাটকের গুণধর চরিত্রটি বিশ্লেষণ কর।

(গ) 'গুণধরের অসুখ' নাটকের নামকরণ কতটা সার্থক হয়েছে তা বুঝিয়ে লেখ।

অথবা

(ঘ) 'বাসাবদল' গল্পের কাহিনি নিজের ভাষায় বর্ণনা কর।

(ঙ) 'অশ্রুনদী' গল্পের নামকরণের সার্থকতা বিচার কর।

অথবা

(চ) 'বিলোরিস' উপন্যাস অবলম্বনে খাসিদের জীবনযাত্রার সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ছ) রিটা ও বিলোরিস চরিত্র দুটির মধ্যে একটি তুলনামূলক আলোচনা প্রস্তুত কর।

অথবা

(জ) 'বিলোরিস' উপন্যাসে 'টোকিন' চরিত্রের গুরুত্ব নির্দেশ কর।

★★★